# PROSHIKA
A CENTRE FOR HUMAN DEVELOPMENT

## অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

জুন ২২, ২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রশিকার কর্মী নীতিমালা ও বেতন কাঠামোতে উল্লেখিত কর্মী কল্যাণ তহবিলের ৫.১ ধারা সাময়িকভাবে স্থগিত করা হয়েছিল। বর্তমান প্রেক্ষাপটে ক্রেডিট ইউনিয়ন তহবিল পুনরায় চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত। সকল স্থায়ী কর্মীদের পদের ভিত্তিতে নিম্নলিখিত ছক অনুযায়ী মাসিক টাকা কর্তন করে ক্রেডিট ইউনিয়ন তহবিলে (Credit Union Fund) জমা হবে।

| ক্র. নং | পদ | CUF মাসিক জমার পরিমাণ |
|---|---|---|
| ১. | কনিষ্ঠ মাঠ সংগঠক (JFO) হতে কনিষ্ঠ কর্মসুচি কর্মকর্তা (JPO) পর্যন্ত | ৫০০/- (পাঁচশত) |
| ২. | কর্মসুচি কর্মকর্তা (PO) হতে কর্মসুচি ব্যবস্থাপক (PM) পর্যন্ত | ১,০০০/- (এক হাজার) |
| ৩. | সহকারী পরিচালক (AD) হতে উপ-পরিচালক (DD) পর্যন্ত | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |
| ৪. | পরিচালক (Director) হতে প্রধান নির্বাহী (CEO) পর্যন্ত | ২,০০০/- (দুই হাজার) |

উক্ত টাকা ক্ষুদ্রঋণ কর্মসুচিসহ অন্যান্য খাতে বিনিয়োগ করা হবে। সেখান থেকে প্রাপ্ত লভ্যাংশ প্রত্যেক কর্মীর নামে বছরে একবার মোট জমার সাথে যুক্ত হবে। এভাবেই চক্রবৃদ্ধি হারে জমার পরিমাণ বৃদ্ধি পাবে।

এছাড়াও কর্মী কল্যাণ তহবিলের ৪.২ ধারার নিম্নে উল্লেখিত ছক অনুযায়ী গ্র্যাচুইটির পরিমান নির্ধারণ হবে।

| চাকুরির সময়কাল | গ্র্যাচুইটির সংখ্যা |
|---|---|
| ১ থেকে ২০ বছর পর্যন্ত | বছরে ১টি হিসাবে পাবেন (সর্বশেষ বেতনের বেসিক হিসেবে) |
| ২০ + তদুর্ধ্ব বছর | বছরে ১.৫০ টি হিসাবে পাবেন (সর্বশেষ বেতনের বেসিক হিসেবে) |

উক্ত হিসাব মোতাবেক ৪.৩ ধারার হিসাবও সংশোধন হবে। যেমন- একজন কর্মী মোট ২০ বছর সংস্থায় চাকুরি করলে এবং যদি তার সর্বশেষ মূলবেতন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হয়, তাহলে তিনি (২০×২৫০০০) = ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা গ্র্যাচুইটি হিসাবে সংস্থা থেকে পাবেন। কোন কর্মী ২০+ তদুর্ধ্ব বছর বা ২১ বছর সংস্থায় চাকুরি করলে এবং যদি তার সর্বশেষ মূলবেতন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হয়, তাহলে তিনি (২১×১.৫০)×২৫,০০০ = ৭,৮৭,৫০০/- (সাত লক্ষ সাতাশি হাজার পাঁচশত) টাকা গ্র্যাচুইটি হিসাবে সংস্থা থেকে পাবেন।

এই সিদ্ধান্ত ০১.০৭.২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

ধন্যবাদ।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী, প্রশিকা ও সদস্য সচিব
প্রশিকা গভার্নিং বডি।

রোকেয়া ইসলাম
চেয়ারম্যান
প্রশিকা গভার্নিং বডি।

**অনুলিপিঃ**
১. উপ-প্রধান নির্বাহীদ্বয়।
২. সংশ্লিষ্ট উর্ধ্বতন পরিচালক/পরিচালক।
৩. কেন্দ্রীয় ব্যবস্থাপক.
৪. সকল উন্নয়ন এলাকা/শাখা অফিস।
৫. নোটিশ বোর্ড।

সূত্র নংঃ এইচআরডি/২০২৫/৪৭৯

**HEAD OFFICE:** PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.
**Liaison Office:** BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.
E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6